



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ জানুয়ারি ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকায় সংক্ষুব্ধ ছাত্র জনতার শান্তিপূর্ণ মিছিলে পুলিশী হামলার নিন্দা

গতকাল ঢাকার মতিঝিলে সংক্ষুব্ধ আদিবাসী ছাত্র জনতার কর্মসূচিতে স্টুডেন্টস ফর সভারেন্টি নামধারী ফ্যাসিস্টদের হামলার প্রতিবাদে আজ বৃহস্পতিবার সংক্ষুব্ধ ছাত্র জনতার ব্যানারে আয়োজিত স্বরাষ্ট্রমন্ত্রণালয় অভিমুখে মিছিলে পুলিশী হামলার তীব্র নিন্দা ও প্রবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি ২০২৫) উক্ত হামলার তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় ইউপিডিএফের সহসভাপতি নূতন কুমার চাকমা শান্তিপূর্ণ মিছিলে পুলিশের হামলাকে অত্যন্ত ন্যাঙ্কারজনক, যা পতিত ফ্যাসিস্ট হাসিনা সরকারের আমলের পেটোয়া পুলিশের ভূমিকাকে স্মরণ করিয়ে দেয় বলে মন্তব্য করেন এবং অবিলম্বে হামলার সাথে জড়িত পুলিশ সদস্যদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

তিনি বলেন, বিনা প্ররোচনায় পুলিশ লাঠি, জলকামান ও সাউন্ড গ্রেনেড দিয়ে হামলা চালালে তৈয়ব ইসলাম, জাহিদুল ইসলাম রিয়াদ, তাসমিয়া নেবুলা, এমডি ইব্রাহিম, মন, ইভান, সুমাইয়া, মো. বাবু (পথচারী), মারুফ ভুঁইয়া, পঙ্কজ নাথ সূর্য ও বাহাদুর ত্রিপুরাসহ আরও অনেকে আহত হয়েছেন বলে জানা গেছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।